

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৩ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ/২৭ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং ২৪৬-আইন/আয়কর-৪০/২০২৪।—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এবং (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্নবর্ণিত প্রজ্ঞাপনসমূহের নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

- (ক) এস, আর, ও নং ৩২৫-আইন/আয়কর/২০২১, তারিখ: ১৯ অক্টোবর ২০২১ খ্রিষ্টাব্দ এর দফা ১ এর শর্তাংশ (ঙ) ও ব্যাখ্যা এতদ্বারা বিলোপ করিল; এবং
- (খ) এস, আর, ও নং ১৫৮-আইন/আয়কর-৩৩/২০২৪, তারিখ: ২৯ মে ২০২৪ খ্রিষ্টাব্দ রহিত করিল।

২। এই প্রজ্ঞাপন ০১ জুলাই, ২০২৪ খ্রিষ্টাব্দ হইতে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

ও

চেয়ারম্যান

জাতীয় রাজস্ব বোর্ড।